নিট প্রশ্নফাঁসের জের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার ভাবনা কেন্দ্রের

আজকালের প্রতিবেদন
দিল্লি, ৩০ সেপ্টেম্বর

নিট–সহ সমস্ত প্রবেশিকা পরীক্ষাগুলিকে ধাপে ধাপে অনলাইন বা কম্পিউটার–বেসড টেস্ট (সিবিটি) পদ্ধতিতে নিয়ে যেতে জাতীয় স্তরে পরীক্ষার উপযোগী পরিকাঠামো তৈরির কৌশল প্রস্তুত করছে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক। মন্ত্রক সূত্রে খবর, দেশ জুড়ে পরীক্ষাকেন্দ্রের ঘাটতি দূর করা, কেন্দ্রগুলির মান নির্দিষ্ট করা এবং অফলাইন পরীক্ষা থেকে অনলাইন পদ্ধতিতে রূপান্তরের জন্য এই পরিকাঠামো গড়ে তোলা হবে।

নিট প্রশ্নফাঁসের অভিযোগের পর কেন্দ্র ঘোষণা করেছিল, আগামী বছর থেকে মেডিক্যালে ভর্তির এই পরীক্ষা সিবিটি পদ্ধতিতে নেওয়ার পরিকল্পনা রয়েছে। তবে বিষয়টি এখনও চূড়ান্ত হয়নি। নন্দন নীলেকানির নেতৃত্বাধীন উচ্চ পর্যায়ের পরীক্ষা সংস্কার সংক্রান্ত টাস্ক ফোর্সের রিপোর্ট পাওয়ার পরই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানিয়েছেন শিক্ষা মন্ত্রকের এক আধিকারিক। বর্তমানে এনটিএ–এর অধীনে জেইই মেইন, সিইউইটি, ইউজিসি নেট এবং সিএসআইআর ইউজিসি নেট–এর মতো একাধিক পরীক্ষা সিবিটি পদ্ধতিতে হয়। জাতীয় পরিকাঠামো তৈরি করে সমস্ত প্রবেশিকা পরীক্ষা অনলাইনে নেওয়ার পরিকল্পনা বিবেচনায় রয়েছে কেন্দ্রের। তবে নিটকে অনলাইনে নিয়ে যাওয়ার ক্ষেত্রে গ্রামীণ এলাকা, মহিলা পরীক্ষার্থী এবং কম ইন্টারনেট সংযোগ থাকা জেলার পড়ুয়াদের সমান সুযোগ নিশ্চিত করার বিষয়টি গুরুত্ব পাচ্ছে। স্বাস্থ্য মন্ত্রক ও এনএমসি–র সঙ্গে আলোচনা এবং টাস্ক ফোর্সের সুপারিশের অপেক্ষায় রয়েছে কেন্দ্র।

ফর্ম ৬ অতিরিক্ত ঘোষণাপত্র প্রত্যাহার

আজকালের প্রতিবেদন
দিল্লি, ৩০ সেপ্টেম্বর

এসআইআরের কাজ শেষ–হয়ে–যাওয়া রাজ্যগুলিতে ভোটার তালিকায় নতুন নাম তোলার আবেদনপত্র ফর্ম ৬–এর সঙ্গে থাকা অতিরিক্ত ঘোষণাপত্র প্রত্যাহার করে নিল নির্বাচন কমিশন। ফলে ওই রাজ্যগুলিতে নতুন ভোটারদের এখন থেকে শুধু ১৯৬০ সালের ভোটার আইন অনুযায়ী নির্ধারিত বিধিসম্মত ফর্ম ৬ জমা দিতে হবে। ইসিআইনেট অ্যাপ ও পোর্টাল এবং সংশ্লিষ্ট রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকদের ওয়েবসাইট থেকেও অতিরিক্ত ঘোষণাপত্রটি সরিয়ে দেওয়া হয়েছে। যে ১০ রাজ্য এবং ৩ কেন্দ্রশাসিত অঞ্চলে এসআইআর প্রক্রিয়া শেষ হয়েছে, সেগুলির জন্যই এই নতুন ফর্ম প্রযোজ্য হবে। কমিশন জানিয়েছে, এসআইআর এখনও চলছে, এমন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে অবশ্য এই অতিরিক্ত ঘোষণাপত্র বহাল থাকবে। ওই ঘোষণায় আবেদনকারীকে নিজের, মা–বাবা অথবা দাদা–দিদা বা ঠাকুরদা–ঠাকুমার আগের এসআইআরের তালিকায় থাকার সঙ্গে যোগসূত্রের তথ্য দিতে হত।

এলপিজি বুকিংয়ে বায়োমেট্রিক: কেন্দ্রের হলফনামা চায় কোর্ট

গৃহস্থের এলপিজি সিলিন্ডার বুকিংয়ে আধারভিত্তিক বায়োমেট্রিক অথেন্টিকেশন (বিএএ) বাধ্যতামূলক করার সিদ্ধান্ত নিয়ে কেন্দ্রের বক্তব্য জানতে চাইল দিল্লি হাইকোর্ট। ১ অক্টোবর থেকে ভর্তুকি–সহ নিয়ন্ত্রিত দামে রান্নার গ্যাস পেতে এই প্রক্রিয়া বাধ্যতামূলক করার সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে দায়ের জনস্বার্থ মামলায় বুধবার কেন্দ্রকে বক্তব্য জানাতে বলে প্রধান বিচারপতি ডি কে উপাধ্যায় ও বিচারপতি তেজস কারিয়ার বেঞ্চ। সোমবার কেন্দ্রকে নিজেদের বক্তব্য নিয়ে আদালতে আসতে বলা হয়েছে। শুনানিতে প্রধান বিচারপতি মন্তব্য করেন, 'প্রত্যেকের আধার নেই। তাঁরাও তো এলপিজি ব্যবহার করেন।'

বেঁচে উঠবেন, আশায় চার বছর ধরে ফ্রিজারে বাবার দেহ আগলে মেয়েরা

সংবাদ সংস্থা
মুম্বই, ৩০ সেপ্টেম্বর

চার বছর ধরে অশীতিপর বৃদ্ধের দেহ মহারাষ্ট্রের মুম্বইয়ের মালাডের একটি মেডিক্যাল সেন্টারে ফ্রিজারে সংরক্ষিত! অতিশীতল তাপমাত্রায় রাখা হয়েছে। এবং, মৃতের স্ত্রী ও দুই মেয়ে এই কাণ্ড করেছেন। খবর পেয়ে পুলিশ মেডিক্যাল ক্লিনিক থেকে দেহ উদ্ধার করে। দেহ আগলে রাখার কারণ খুঁজতে গিয়ে পুলিশ হতবাক। মৃতের পরিবারের বক্তব্য, চিকিৎসা–বিজ্ঞান হয়তো ভবিষ্যতে মৃতকেও বাঁচিয়ে তুলতে পারবে, সেই আশায় তাঁরা দেহ সংরক্ষণ করেছেন। দীর্ঘকাল সংরক্ষণ করতে দেহটি আমেরিকার কোনও একটি ক্রায়োনিক্স সেন্টারে নিয়ে যাওয়ার পরিকল্পনাও করেছেন। ক্রায়োনিক্স এমন একটি পদ্ধতি, যেখানে অতিশীতল তাপমাত্রায় দেহ সংরক্ষিত করা হয়। এভাবে দেশে দেহ সংরক্ষণ করা ও তা বিদেশে নিয়ে যাওয়ার ব্যাপারে আইনবিদদের সঙ্গেও শলা করছে মৃতের পরিবার। পুলিশ জানিয়েছে, ৮০ বছরের বৃদ্ধ ক্যান্সারে আক্রান্ত ছিলেন। ২০২২ সালে মারা যান। সেই মৃত্যু মেনে নিতে পারেননি তাঁর মেয়েরা। শেষকৃত্যও করেননি। ৫০ লক্ষ টাকা খরচ করে দেহ মালাডের ক্লিনিকে অতিশীতল তাপমাত্রায় সংরক্ষিত করেছিলেন। এদিকে, সংস্কারের কাজ চলায় মাসখানেক ধরে ক্লিনিক বন্ধ। সেখানে দেহ আছে, সে–কথা ক্লিনিক কর্তৃপক্ষ বা মৃতের পরিবার কেউই পুলিশকে জানায়নি। দেহ ক্লিনিকে রেখে ক্রায়োনিক্স নিয়ে পড়াশোনা, খোঁজখবর শুরু করেন তাঁর মেয়েরা। দেহ আমেরিকার ক্রায়োনিক্স সেন্টারে নিয়ে যাওয়ার পরিকল্পনা করেন। তার আগেই ঘটনা জানাজানি হয়।

ক্রায়োনিক্স সম্পর্কে ভারতের আইন কী বলছে, মালাডের ঘটনায় সেই প্রশ্ন মাথাচাড়া দিয়েছে। জানা গেছে, ফ্রিজারে সংরক্ষণ ও ক্রায়োনিক্স এক রকম নয়। ভারতীয় আইনে মৃতদেহ কিছু সময়ের জন্য অতিশীতল তাপমাত্রায় রাখা এবং অনির্দিষ্ট কালের জন্য ক্রায়োনিক্স পদ্ধতিতে সংরক্ষণ করে রাখাকে আলাদা ভাবে দেখা হয়। ক্রায়োনিক্স পদ্ধতি ভারতীয় আইনে নিষিদ্ধ বা অনুমোদিত নয়।

সিইসি-ইসি নিয়োগ: বিভক্ত রায় প্রত্যাহারের আর্জি

মুখ্য নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনারদের নিয়োগ সংক্রান্ত ২০২৩ সালের আইন নিয়ে ২৩ সেপ্টেম্বর সুপ্রিম কোর্টের দেওয়া বিভক্ত রায় প্রত্যাহারের দাবিতে কিউরেটিভ পিটিশন দায়ের হল। আবেদনকারী জয়া ঠাকুরের হয়ে আইনজীবী বরুণ ঠাকুর এই আবেদন করেছেন। ২০২৩ সালের আইনে সিইসি ও নির্বাচন কমিশনার নিয়োগের প্যানেল থেকে প্রধান বিচারপতিকে বাদ দেওয়ার সাংবিধানিক বৈধতা নিয়ে একাধিক মামলা হয়েছিল। ২৩ সেপ্টেম্বর বিচারপতি দীপঙ্কর দত্ত ও বিচারপতি সতীশচন্দ্র শর্মার বেঞ্চে মতভেদ দেখা দেয়। এরপর বিষয়টি বৃহত্তর সাংবিধানিক বেঞ্চে পাঠানোর জন্য প্রধান বিচারপতির কাছে প্রশাসনিক স্তরে পাঠানোর সিদ্ধান্ত হয়। এর পরেই বিচারপতি সতীশচন্দ্র শর্মাকে নিয়ে স্বার্থের সঙ্ঘাতের অভিযোগ তুলে কিউরেটিভ পিটিশন দায়ের করেছেন জয়া ঠাকুর। তাঁর আবেদনে দাবি করা হয়েছে, বিচারপতি শর্মার ছেলে সিদ্ধার্থ শর্মা মধ্যপ্রদেশ হাইকোর্টে নির্বাচন কমিশনের স্ট্যান্ডিং কাউন্সেল হিসেবে যুক্ত। সংবাদমাধ্যমে এই তথ্য প্রকাশের পর তা যাচাই করা হয়েছে বলেও আবেদনে দাবি করা হয়েছে।

টেন্ডার

GOVERNMENT OF WEST BENGAL
Notice Inviting E-Tender
Online bids are invited by the Director of Animal Husbandry & Veterinary Services, W.B., Prani Sampad Bhavan, LB-2, Sector-III, Salt Lake City, Kolkata-700106 for the following: Description of items : Engagement of 28 (twenty eight) Security Personnel at State Livestock Farm, Kalyani & State Poultry Farm, Tollygunge. Online BID submission starts on: 01.10.2026, Online BID submission closes on: 14.10.2026. The detailed N.I.T. may be obtained from e-tender portal http://www.wbtenders.gov.in. The NIT may be viewed from the website http://www.darahwb.org and http://www.ard.wb.gov.in Sd/- Director of Animal Husbandry & Veterinary Services, West Bengal ICA-T18495(3)/2026

GOVERNMENT OF WEST BENGAL
e-TENDER NOTICE
e-NIT No. 09 (Sl 1 to 3) of 2026-27 of EE/NHD-I, P.W. (Roads) Directorate invites online e-tender for-1) Tender ID-2026_WBPWD_5076360_1, 2) Tender ID-2026_WBPWD_5076360_2 & 3) Tender ID-2026_WBPWD_5076360_3. Bid submission start date (online)-30/09/2026 from 9:00 A.M. Bid submission closing date (online)-09/10/2026 & 23/10/2026 upto 1:00 P.M. Corrigendum if any will be published in website only. Details of N.I.T. and Tender documents may be downloaded from https://tenders.wb.gov.in Sd/- EE/Nadia Hway Div.-I. ICA-T18555(3)/2026

Govt. of West Bengal
Corrigendum Notice for Date and Time Extension
The Date and Time Extended for NIeT No. -05/WBSRDA/MALDA/2026-27 [1st Call] OF THE EXECUTIVE ENGINEER, WBSRDA, MALDA DIVISION, Date-02/09/2026, Sl. 17, Tender ID-2026_PRD 5021550 1, up to 05.10.2026 at 16:00 hrs. All other details will be available on the website,-https://tenders.wb.gov.in.
Sd/-
Executive Engineer & HPIU, WBSRDA, Malda Division.

CORRIGENDUM NOTICE
Date & Time Extension
The Date and Time Extended for NIT No. 08/PMGSYIIIBRIDGE/MLD/SE/RRNMU/MALDA/2026-27/11 (1st Call) (Sl. No. 1) Date: 03.09.2026 (Tender ID: 2026_WBSRD_149398_1) for WBSRDA, Malda Division, upto 05.10.2026 at 17:00 hrs., all interested bidders are requested to see corrigendum notice in the e-procurement portal of PMGSY namely https://www.pmgsytenderswb.gov.in. **Sd/- SE, RRNMU, Malda Circle, P&RD Department, Govt. of West Bengal.**

GOVERNMENT OF WEST BENGAL
SPLPIM, KALYANI, NADIA
e-Tender Notice
Bidders are invited to participate in the e-tender for Engagement of Security Service at SPLPIM, Kalyani, Nadia-741235, for details please visit the website https://tenders.wb.gov.in/nicgep/app & https://www.wbhealth.gov.in/Inner/ Tenders Details vide NIT No. HFW/SPLPIM/SS/NIT-02/26-27 & Tender ID No. 2026_HFW_5076185_1. **Previous Tender ID 2026_HFW_5023807_1 is hereby cancelled for technical error.** ICA-T18503(2)/2026

Govt. of West Bengal
Corrigendum Notice for Date and Time Extension
The Date and Time Extended for e-NIT No: 10/SASCI/ID/SE/RRNMU/MALDA/2026-27 [1st Call] OF THE SUPERINTENDING ENGINEER, RRNMU, MALDA CIRCLE, Date-03/09/2026, SL No. 1, upto 06.10.2026 at 16:00 hrs. For all other details will be available in the website, https://tenders.wb.gov.in
Sd/- SE, RRNMU, Malda Circle, P&RD Department, Govt. of West Bengal.

GOVERNMENT OF WEST BENGAL
PWD TENDER NOTICE
AE Asansol, Sub-Division, P.W.D. invite online e-quotation **NIQ No. 04 OF 2026-27** for the work of i) Procurement of service for Topographical survey and Geotechnical sub soil investigation for construction of proposed Jamuria Fire Station Building within the District of Paschim Bardhaman. ii) Procurement of service for Topographical survey and Geotechnical sub soil investigation for construction of proposed Kulti Fire Station Building within the District of Paschim Bardhaman. **Tender Id :- 2026_WBPWD_5076364_1, 2026_WBPWD_5076364_2.** Bid submission Start date(Online) : 05.10.2026 at 11:30 A.M. Bid submission closing date(Online) : 12.10.2026 at 11:45 A.M. Corrigendum if any will be published in website only. Details of NIT and tender Documents may be downloaded from: http://tenders.wb.gov.in Sd/- AE/ASN/S-DIVN/PWD. ICA-T18556(1)/2026

GOVERNMENT OF WEST BENGAL
NOTICE INVITING e-TENDER
Three (03) Tenders are invited for providing security service, housekeeping and man power service to the office of the West Bengal State Election Commission. Details are available at https://tenders.wb.gov.in Tender IDs: 2026_WBSEC_5076392_1, 2026_WBSEC_5076306_1 & 2026_WBSEC_50724_1 respectively. Last date and time of submission of the BID 16.12.2026 upto 1.00PM, 14.12.2026 upto 1.00PM & 15.12.2026 upto 1.00PM. respectively. Secretary West Bengal State Election Commission. ICA-T18563(3)/2026

SHORT NOTICE INVITING TENDER
Executive Engineer, Kaliaghai-Kapaleswari-Baghai Project Division invites following tenders from outside Bonafied contractors for works at Sabang.
NIT No. WBIW/EE/KKBPD/SNIT-06/2026-27 for 2 No. works of value from Rs. 6.19 Lakh to Rs. 4.29 Lakh under KKB Project Division. Tender forms and other details can be obtained from the Departmental website https://iwd.wb.gov.in/etenders and notices
Last date of application 05.10.2026 upto 4:00 & issue of Tender 06.10.2026 upto 4:00 pm. Last dates of bid submission is on 06.10.2026 up to 16.30 Hrs.
Sd/- D.K Singh
Executive Engineer,
K.K.B. Project Division
Temathani, Paschim Medinipur

OFFICE OF THE SUPERINTENDING ENGINEER
PUBLIC WORKS DEPARTMENT, DURG CIRCLE DURG (C.G.)
Tel. 0788-2210876
Durg, Dated: 28.09.2026
e-Procurement Tender Notice
(2nd Call)
Online tenders in form "A" percentage rate basis are invited on behalf of Governor of Chhattisgarh dated 13-10-2026 :-

NIT No./ System No.	Name of work	P.A.C. (Rs. in lacs.)
340/200483	Construction of Higher Secondary School Building at Badnara Balck-Nawagarh Distt. - Bemetara WITH ELECTRIFICATION WORK	120.40

Note :-
1. General Conditions, detailed NIT, Tender documents & other information of the above construction work downloaded from the Eprocurement web portal or departmental website http://eproc.cgstate.gov.in.
2. NIT No. & Name of the Work should be essentially mentioned on the envelope through the Registerd Post/Speed Post in this office.
Sd/-
Superintending Engineer
P.W.D., Durg Circle Durg (C.G.)
G-262703651/8

ফর্ম নং: ১৪
[রেগুলেশন ৩৩(২) দ্রষ্টব্য]
প্রাপ্তিস্বীকারপত্র–সহ রেজিস্টার্ড ডাক দ্বারা, হাতে করে, ব্যর্থ হলে প্রকাশনের মাধ্যমে।
রিকভারি অফিসার–I/II–এর অফিস
ডেটস রিকভারি ট্রাইবুনাল কলকাতা (ডিআরটি ৩)
৮ নং ফ্লোর, জীবন সুধা বিল্ডিং
৪২সি, জওহরলাল নেহরু রোড
কলকাতা– ৭০০০৭১
দাবি বিজ্ঞপ্তি
রিকভারি অফ ডেটস অ্যান্ড ব্যাঙ্করাপসি অ্যাক্ট, ১৯৯৩–এর ধারা নং ২৫ থেকে ২৮ এবং ইনকাম ট্যাক্স অ্যাক্ট, ১৯৬১–এর দ্বিতীয় তফসিলের রুল ২ অধীনে বিজ্ঞপ্তি।
আরসি/৩৪৭/২০২৪
কানাড়া ব্যাঙ্ক
বনাম
মিতালি মাইতি এবং অন্যান্য
প্রতি:
(সিডি ১) মিতালি মাইতি, পিতা– শ্রী অমলেন্দু মাইতি, গ্রাম– কুকরাউল, পোঃঅঃ– ফুলেশ্বর, থানা– কাঁথি, ব্লক– কাঁথি ২, পূর্ব মেদিনীপুর– ৭২১৪০১।
(সিডি ২) আশিস মাইতি, পিতা– শ্রী অমলেন্দু মাইতি, গ্রাম– কুকরাউল, পোঃঅঃ– ফুলেশ্বর, থানা– কাঁথি, ব্লক– কাঁথি– ২, পূর্ব মেদিনীপুর– ৭২১৪০১।
এতদ্দ্বারা এই মর্মে বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে মহামান্য প্রিসাইডিং অফিসার, ডেটস রিকভারি ট্রাইবুনাল, কলকাতা (ডিআরটি ৩), **ওএ/৩/২০২০**–এর আদেশ অনুযায়ী জারিকৃত রিকভারি সার্টিফিকেট মোতাবেক আপনাদের (যৌথ ও এককভাবে/ পূর্ণত/ সীমাবদ্ধ) থেকে **₹৪৬,২৯,৬৭৮.০০** (ছেচল্লিশ লক্ষ উনত্রিশ হাজার ছশো আটাত্তর টাকা মাত্র), এবং তার ওপর **৩০.১২.২০১৯** থেকে আদায়ের তারিখ পর্যন্ত বার্ষিক **১২.৭০% হারে** বকেয়া ও ভবিষ্যতের সরল সুদ ও মাশুল বাবদ **₹৪৯,০০০/–** (উনপঞ্চাশ হাজার টাকা মাত্র) বকেয়া ও অনাদায়ী রয়েছে।
২. এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উপরিলিখিত অর্থাঙ্ক পরিশোধের জন্য আপনাদের প্রতি নির্দেশ দেওয়া হচ্ছে, যার অন্যথা হলে রিকভারি অফ ডেটস ডিউ টু ব্যাঙ্কস অ্যান্ড ফিনান্সিয়াল ইনস্টিটিউশনস অ্যাক্ট, ১৯৯৩ ও এর অধীনে রচিত রুলসমূহের সংস্থান মোতাবেক আপনাদের বিরুদ্ধে বকেয়া পুনরুদ্ধারের আইনি প্রক্রিয়া চালানো হবে।
৩. এতদ্দ্বারা শুনানির পরবর্তী তারিখের মধ্যে আপনাদের পরিসম্পদসমূহের বিশদ খতিয়ান একটি হলফনামার মাধ্যমে ঘোষণার জন্য আপনাদের প্রতি আদেশ জারি করা হচ্ছে।
৪. এতদ্দ্বারা এই কার্যাদির পরবর্তী প্রক্রিয়ার জন্য নিম্নস্বাক্ষরকারীর সামনে **১৪.১২.২০২৬ তারিখে সকাল ১১টা ৩০ মিনিটে** হাজির থাকার জন্য আপনাদের প্রতি আদেশ জারি করা হচ্ছে।
৫. ওপরে লেখা অর্থাঙ্ক ছাড়াও আপনারা নিম্নলিখিত অর্থাঙ্ক প্রদানে দায়বদ্ধ:
(ক) কার্যাদি সম্পন্নকারী এই সার্টিফিকেটের বিজ্ঞপ্তি/ প্রক্রিয়া শুরুর পরবর্তী মেয়াদের জন্য প্রদেয় সুদ;
(খ) এই বিজ্ঞপ্তি ও পরোয়ানার পরিষেবা এবং বকেয়া অর্থাঙ্ক পুনরুদ্ধারের কার্যাবলি সংক্রান্ত যাবতীয় মাশুল, চার্জ ও খরচাপাতি।
নীচে এই ট্রাইবুনালের সিলমোহর দিয়ে আমি স্বাক্ষর করলাম। তারিখ: ১৪.০৮.২০২৬।
স্বা/– প্রদীপ কুমার মন্ডল
রিকভারি অফিসার
ভারত সরকার
কলকাতা ডেটস রিকভারি ট্রাইবুনাল–৩

ইন্ডিয়ান ব্যাঙ্ক / Indian Bank / ইলাহাবাদ / ALLAHABAD
জোনাল অফিস: মেদিনীপুর স্টেশন রোড, পুরনো জল ট্যাঙ্কের বিপরীতে, পশ্চিম মেদিনীপুর, পিন–৭২১১০১

দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)
[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(১) অধীনে]
যেহেতু:
ইন্ডিয়ান ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২–এর রুল ৮ ও ৯–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে আমাদের **উদবাদল শাখার** ঋণগ্রহীতা:
শ্রী প্রলয় কলা (ঋণগ্রহীতা/ বন্ধকদাতা), পিতা– প্রয়াত সমরেন্দ্র নাথ কলা, গুরুনানক সরণি, গ্রাম– মনোহরচক, পোঃঅঃ ও থানা– কাঁথি, জেলা– পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৪০১; **বিকল্প ঠিকানা:** ফ্ল্যাট নং ৩এ, ফ্লোর নং ৩, ব্লক ১২, 'ইটার্নিস', হোল্ডিং নং ৫৯, যশোর রোড (সাউথ), মধ্যমগ্রাম, দোলতলা, পোঃঅঃ– গঙ্গানগর, থানা– মধ্যমগ্রাম (পুরনো বারাসত), কলকাতা–৭০০১৩২;
শ্রীমতী মধুশ্রী গিরি কলা (জামিনদার), স্বামী– শ্রী প্রলয় কলা, গুরুনানক সরণি, গ্রাম– মনোহরচক, পোঃঅঃ ও থানা– কাঁথি, জেলা– পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৪০১; **বিকল্প ঠিকানা:** ফ্ল্যাট নং ৩এ, ফ্লোর নং ৩, ব্লক ১২, 'ইটার্নিস', হোল্ডিং নং ৫৯, যশোর রোড (সাউথ), মধ্যমগ্রাম, দোলতলা, পোঃঅঃ– গঙ্গানগর, থানা– মধ্যমগ্রাম (পুরনো বারাসত), কলকাতা–৭০০১৩২;
এর প্রতি **২৭.০২.২০২৬ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত দাবি বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক বাবদ **₹৮৭,৯৬,৬০৩.০০** (সাতাশি লক্ষ ছিয়ানব্বই হাজার ছশো তিন টাকা মাত্র) পরিশোধ করার জন্য আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা(গণ) দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণের প্রতি বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী **২৮ সেপ্টেম্বর, ২০২৬** তারিখে উক্ত রুলসমূহের রুল নং ৮ ও ৯–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন **২৮.০৯.২০২৬** তারিখের ভিত্তিতে **₹৮৭,৯৬,৬০৩.০০** (সাতাশি লক্ষ ছিয়ানব্বই হাজার ছশো তিন টাকা মাত্র), তৎসহ উদ্ভূত সুদ ও চার্জ সমেত **ইন্ডিয়ান ব্যাঙ্ক**–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
'সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে আপনাদের প্রাপ্য অধিকারগুলি সম্পর্কিত বিষয়ে সারফায়েসি অ্যাক্টের ১৩(৮) নং ধারা ও এর অধীনে রচিত রুলসমূহের সংস্থানগুলির প্রতি আমরা আপনাদের মনোযোগ আকর্ষণ করছি।'
স্থাবর সম্পত্তির বিবরণ
বন্ধকি পরিসম্পদ: জমি ও বাড়ি, যার অবস্থান: মৌজা– মনোহরচক, জে এল নং ৫৩৮, প্লট নং ৬০৭ (হাল), আর এস এবং এল আর খতিয়ান নং ১৩৮, ১৩১৬, হোল্ডিং নং ৪০০/৩৫৮ (বি), থানা– কাঁথি, কাঁথি পুরসভার অন্তর্গত, ওয়ার্ড নং ০৬, জেলা– পূর্ব মেদিনীপুর, পিন–৭২১৪০১, জমির পরিমাপ– ৩.০০ ডেসিমেল, এডিএসআর– কাঁথি ১ সমীপে বই নং I, ভলিউম নং ১১০২–২০১৫, পৃষ্ঠা নং ৫৭৮৪২ থেকে ৫৭৮৬০–তে নথিভুক্ত ২০১৫ সালের দলিল নং ১১০২০৭১১৮ অনুযায়ী **সম্পত্তির স্বত্বধারক: প্রলয় কলা,** পিতা– সমরেন্দ্র নাথ কলা। **সম্পত্তির চৌহদ্দি (দলিল অনুযায়ী):** উত্তর– প্রলয় কলা ও প্রকাশ কলার বাড়ি, সঙ্গে যৌথ দেওয়াল; দক্ষিণ– মনু কলার বাড়ি; পূর্ব– পুরসভার পাকা রাস্তা; পশ্চিম– মালিকানাধীন ফাঁকা জমি।
তারিখ: ২৮.০৯.২০২৬ / স্থান: উদবাদল — **অনুমোদিত আধিকারিক / ইন্ডিয়ান ব্যাঙ্ক**

একটি বিনিয়োগকারী শিক্ষা ও সচেতনতা উদ্যোগ
মিউচ্যুয়াল ফান্ড সম্বন্ধে বিস্তারিত জানার জন্য আমাদের সঙ্গে যোগ দিন।
তারিখ ও স্থান:
সোমবার, 5ই অক্টোবর, 2026, সন্ধ্যা 6:30টা থেকে।
সিটি রেসিডেন্সি হোটেল, সহিদ ক্ষুদিরাম সরণি, সিটি সেন্টার, দুর্গাপুর - 713 216, পশ্চিমবঙ্গ।
রেজিস্ট্রেশনের জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন: পূর্ণ চন্দ্র দাস, মোবাইল: 9777 123685
রেজিস্ট্রেশন আবশ্যিক। রেজিস্ট্রেশনের সময় সকাল 9:30টা থেকে সন্ধ্যা 5:30টা পর্যন্ত।
সরাসরি আসার অনুমতি নেই।
HDFC MUTUAL FUND
BHAROSA APNO KA
An Investor Education and Awareness Initiative
মিউচ্যুয়াল ফান্ডে বিনিয়োগ বাজারগত ঝুঁকি সাপেক্ষ, যোজনা সংক্রান্ত সমস্ত নথিপত্র ভালো করে পড়ে নিন।

AXIS BANK
অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড
এসি মার্কেট বিল্ডিং, ৩ নং ফ্লোর, ১, শেক্সপিয়র সরণি, কলকাতা–৭০০০৭১

পরিশিষ্ট IV [রুল ৮(১) দ্রষ্টব্য] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)
যেহেতু, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদি আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে লেখা তারিখে নিম্নবর্ণিত বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ সহ–ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, তৎসহ দাবি বিজ্ঞপ্তির তারিখ থেকে চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদির প্রেক্ষিতে অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কে সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

ঋণগ্রহীতা / জামিনদারের নাম এবং ঠিকানা	ক) নোটিসের তারিখে বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের (প্রতীকী) তারিখ
১. মিঃ সুবীর চ্যাটার্জি পিতা– সুধীর চ্যাটার্জি **২. মিঃ সুধীর কুমার চ্যাটার্জি** পিতা– ইন্দুভূষণ চ্যাটার্জি **উভয়ের ঠিকানা:** গুপ্তিপুর, সিমলন, কালনা, পূর্ব বর্ধমান–৭১৩৪২৫	ক)₹১১,৭১,৯৯০.২৮, লোন অ্যাকাউন্ট নং 921030039092448–এর প্রেক্ষিতে বকেয়া, ২৫.১১.২০২৫ অনুযায়ী (এর মধ্যে ০৫.০৫.২০২৫ অবধি সুদ অন্তর্ভুক্ত করা আছে) এবং ₹৬৯,৭৪৬.২৬, লোন অ্যাকাউন্ট নং 921030039092464–এর প্রেক্ষিতে বকেয়া, ২৫.১১.২০২৫ অনুযায়ী (এর মধ্যে ০৫.০৫.২০২৫ অবধি সুদ অন্তর্ভুক্ত করা আছে) খ) ১৩.০১.২০২৬ গ) ৩০.০৯.২০২৬ (প্রতীকী)

স্থাবর সম্পত্তির বিবরণ (সুরক্ষিত পরিসম্পদ)
সামান্য কমবেশি ৩.৫০ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: এল আর প্লট নং ৭৩৬, এল আর খতিয়ান নং ৮৩৫, জে এল নং ২৯, মৌজা– গুপ্তিপুর, থানা– কালনা, জেলা– পূর্ব বর্ধমান, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো, ফিক্সচার, ফিটিংস এবং এর সঙ্গে বর্তমান ও ভবিষ্যতের সমস্ত যন্ত্র ও যন্ত্রাংশ, যা মাটিতে সংযুক্ত বা স্থায়ীভাবে মাটিতে যুক্ত কিছুর সঙ্গে আবদ্ধ।

ঋণগ্রহীতা / জামিনদারের নাম এবং ঠিকানা	ক) নোটিসের তারিখে বকেয়া অর্থাঙ্ক খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) দখলের (প্রতীকী) তারিখ
১. মিঃ আশিস কোলে, পিতা– স্বপন কুমার কোলে ঠিকানা: গোদা অন্নদা, ঝড়ুবাটি, কালনা–২, বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩১২২ **২. মিসেস টুম্পা কোলে,** পিতা– মধুসূদন দাস ঠিকানা: ঝড়ুবাটি পশ্চিমপাড়া, গোদা অন্নদা, গোদা গোবিন্দবাটি, পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩১২২ **৩. মিসেস শিখা কোলে** প্রযত্নে– স্বপন কুমার কোলে ঠিকানা: ঝড়ুবাটি, গোদা অন্নদা, গোদা গোবিন্দবাটি, পূর্ব বর্ধমান, কালনা, পশ্চিমবঙ্গ–৭১৩১২২ **সকলের বিকল্প ঠিকানা:** এল আর প্লট নং ১১৭০, ১১৭২, এল আর খতিয়ান নং ২৩৩১, জে এল নং ১৫৬, মৌজা– গোদা গোবিন্দবাটি, থানা– কালনা, পোঃঅঃ– গোদা অন্নদা, জেলা– পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩১২২	ক) ₹৪৭,৮৪,৬৯৪.১৩, লোন অ্যাকাউন্ট নং 924030044095161–এর প্রেক্ষিতে বকেয়া, ২৭.০৩.২০২৬ অনুযায়ী এবং ₹৪৮,৭৬৫.৮৫, লোন অ্যাকাউন্ট নং 924030044095174–এর প্রেক্ষিতে বকেয়া, ২৭.০৩.২০২৬ অনুযায়ী খ) ২৭.০৩.২০২৬ গ) ৩০.০৯.২০২৬ (প্রতীকী)

স্থাবর সম্পত্তির বিবরণ (সুরক্ষিত পরিসম্পদ)
সামান্য কমবেশি ০৬ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: এল আর প্লট নং ১১৭০, ১১৭২, এল আর খতিয়ান নং ২৩৩১, জে এল নং ১৫৬, মৌজা– গোদা গোবিন্দবাটি, থানা– কালনা, পোঃঅঃ– গোদা অন্নদা, জেলা– পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩১২২, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো। দলিল অনুযায়ী চৌহদ্দি: উত্তর– মানব পালের সম্পত্তি; দক্ষিণ– শ্রীকান্ত ঘোষের সম্পত্তি; পূর্ব– লগন ঘোষের সম্পত্তি; পশ্চিম– বৈদ্যপুর কালনা পাকা রাস্তা।
তারিখ: ০১.১০.২০২৬
স্থান: পশ্চিমবঙ্গ
অনুমোদিত আধিকারিক
অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড

পঞ্জাব নৈশনল বৈংক ...भरोसे का प्रतीक! punjab national bank ...the name you can BANK upon!
ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ, পুরুলিয়া
এআরএমবি পুরুলিয়া, রাজা বাঁধ পাড়া, শশধর গাঙ্গুলি রোড, পুরুলিয়া, পশ্চিমবঙ্গ–৭২৩১০১। ই–মেল: cs8301@pnb.bank.in

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নোক্ত বিবরণযুক্ত এবং ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর থেকে এই ব্যাঙ্ক/ সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

ই–নিলামের তারিখ ও সময়: ২৭.১০.২০২৬, সকাল ১১টা থেকে বিকেল ৪টে এবং ইএমডি জমার শেষ তারিখ ও সময়: ২৭.১০.২০২৬, দুপুর ৩টে
এআরএমবি, পুরুলিয়া, মিঃ মুকেশ কুমার, চিফ ম্যানেজার (অনুমোদিত আধিকারিক), মোবাইল: ৮৭৮৯২৩৬৭৭১, ই–অকশন কালেকশন অ্যাকাউন্ট সম্পর্কিত তথ্য: অ্যাকাউন্টের নাম: RTGS- INTERBANK ACCOUNT, অ্যাকাউন্ট নং: 830100317118A (আইএফএসসি: PUNB0830100)

সুরক্ষিত পরিসম্পদের তফসিল

লট নং	শাখার নাম / অ্যাকাউন্টের নাম / ঋণগ্রহীতা/ জামিনদার/ অ্যাকাউন্টের নাম ও ঠিকানা	বন্ধকি স্থাবর সম্পত্তিগুলির বিবরণ এবং বন্ধকদাতা/ স্বত্বাধিকারীর নাম [সম্পত্তি(গুলি)র বন্ধকদাতাগণ]	ক) সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) নির্ধারিত তারিখে অনাদায়ী বকেয়া গ) সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর ১৩(৪) ধারাধীনে দখলের তারিখ ঘ) দখলের প্রকৃতি (প্রতীকী/ বাস্তবিক)	ক) সংরক্ষণ মূল্য (লক্ষ টাকায়) খ) ইএমডি গ) বিড বাড়ানোর মূল্য
১	**শাখা: বাঁকুড়া (০১৯৩২০)** / বিজয় চিত্রকর / **ঋণগ্রহীতা ও বন্ধকদাতা:** বিজয় চিত্রকর, পিতা– বিনয় কুমার চিত্রকর, ফ্ল্যাট নং জি/এ, ব্লক–১৩, গ্রিন গার্ডেন, পোঃঅঃ ও থানা– বাঁকুড়া, জেলা– বাঁকুড়া, পশ্চিমবঙ্গ–৭২২১০১	৩ বছরের পুরনো দোতলা আবাসবাড়ি (মার্বেলের মেঝে দেওয়া গ্রাউন্ড ফ্লোরের মাপ ৭৬৬ বর্গফুট ও সিমেন্টের মেঝে দেওয়া ফার্স্ট ফ্লোরের মাপ ৮৫৩ বর্গফুট) সমেত সামান্য কমবেশি ০.০২৫০ একর বা ২.৫ ডেসিমেল বাস্তু জমি ও বাড়ি নিয়ে গঠিত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: দাগ নং ২, এল আর খতিয়ান নং ৭৯৪, জে এল নং ১৯৭, মৌজা– শালবনী, খাতড়া গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত, থানা– খাতড়া, জেলা– বাঁকুড়া। এডিএসআর– খাতড়া, বাঁকুড়া সমীপে নিবন্ধিত ১৯.০৩.২০২৪ তারিখে সম্পাদিত কোবলা দলিল নং I–০১০৪০০৯৭৬ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: বিজয় চিত্রকর, পিতা– বিনয় চিত্রকর। **সীমানা: উত্তর**– আশুতোষ দাসের বাস্তু জমি; **দক্ষিণ**– রক্ষণাবেক্ষণ করা ১০ ফুট চওড়া পাকা রাস্তা; **পূর্ব**– দীপ্তম কালিন্দীর জমি; **পশ্চিম**– পূর্ববর্তী আর এস এবং বর্তমান এল আর– ২ এর অবশিষ্ট জমি। [সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]	ক) ১০.০৬.২০২৬ খ) ₹২২,৮৮,৯৬৪.৮০ (৩১.০৫.২০২৬ অনুযায়ী, তৎসহ ৩১.০৫.২০২৬ থেকে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে চুক্তিমাফিক হারে পরবর্তীতে উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ) গ) ২৪.০৮.২০২৬ ঘ) প্রতীকী দখল	ক) ₹৩১.১১ লক্ষ খ) ₹৩.১১ লক্ষ গ) ₹০.১০ লক্ষ
২	**শাখা: এমটিপিএস (১৪৯৫২০)** / মেসার্স মাজি হার্ডওয়্যার / **ঋণগ্রহীতা: মিসেস পুতুল মাজি** **প্রোপ্রাইটর ও বন্ধকদাতা: মিসেস পুতুল মাজি,** স্বামী– রবি লোচন মাজি **জামিনদার: মিঃ রবি লোচন মাজি,** পিতা– ভূতনাথ মাজি **সকলের ঠিকানা:** গ্রাম– সদানন্দপুর, পোঃঅঃ– চৌশাল, থানা– গঙ্গাজলঘাটি, জেলা– বাঁকুড়া, পশ্চিমবঙ্গ–৭২২১৪২	নিম্নোক্ত ৩০.০০ ডেসিমেল জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– বাসুদেবপুর, জে এল নং ১৩, খতিয়ান নং ৬৭৭/১, দাগ নং ৫৮৯, থানা– গঙ্গাজলঘাটি, জেলা– বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, ২০০০ সালের রেজিস্টার্ড দলিল নং I–১৮৬২ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: মিসেস পুতুল মাজি। **চৌহদ্দি: উত্তর**– কালীপদ মাজির সম্পত্তি; **দক্ষিণ**– ধনঞ্জয় মাজি; **পূর্ব**– রবি লোচন মাজির সম্পত্তি; **পশ্চিম**– ১২ ফুট চওড়া রাস্তা। [সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]	ক) ০৩.১১.২০১৬ খ) ₹৫৬,২৩,০৪৫.৭০ (৩০.০৯.২০১৬ অনুযায়ী, তৎসহ ০১.১০.২০১৬ থেকে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে চুক্তিমাফিক হারে পরবর্তীতে উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ) গ) ১৫.০২.২০১৯ ঘ) প্রতীকী দখল	ক) ₹১৩.৭৭ লক্ষ খ) ₹১.৩৮ লক্ষ গ) ₹০.১০ লক্ষ
৩	**কোতুলপুর শাখা (০৫৫৪২০)** / মেসার্স খলিলিয়া স' মিল অ্যান্ড ফার্নিচার / **প্রোপ্রাইটর ও বন্ধকদাতা: শেখ মহসিন আলি,** পিতা– শেখ বাহার আলি **জামিনদার: মিসেস সাকিলা বেগম,** স্বামী– শেখ মহসিন আলি এবং **মিঃ কাসেম খান,** পিতা– নাজেম আলি খান **সকলের ঠিকানা:** গ্রাম– কৃষ্ণনগর (পাটপুর), পোঃঅঃ– সিহর, জেলা– বাঁকুড়া, পশ্চিমবঙ্গ–৭২২১৬১	নিম্নোক্ত ০৪ ডেসিমেল জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জে এল নং ১৩৫, এস আর দাগ নং ৬২৬, এল আর দাগ নং ৭০০, মৌজা– পাটপুর, এডিএসআর– কোতুলপুর, জেলা– বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, ০৫.০৬.২০০৯ তারিখের রেজিস্টার্ড দলিল নং I–১১১২/২০০৯ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: শেখ মহসিন আলি, পিতা– শেখ বাহার আলি। [সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]	ক) ০২.০৭.২০১৯ খ) ₹৪৫,৯৩,৩৪৭.৮৮ (০২.০৭.২০১৯ অনুযায়ী, তৎসহ ০১.০৭.২০১৯ থেকে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে চুক্তিমাফিক হারে পরবর্তীতে উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ) গ) ১২.০৯.২০১৯ ঘ) প্রতীকী দখল	ক) ₹২০.১৪ লক্ষ খ) ₹২.০১ লক্ষ গ) ₹০.১০ লক্ষ
৪	**কদমাঘাটি (১০২১২০)** / রূপা পান / **ঋণগ্রহীতা/ জামিনদার/ বন্ধকদাতা:** **মিসেস রূপা পান,** স্বামী– পিন্টু কুমার পান, দুর্গাপুর বাইপাস রোড, লাল বাজার, পোঃঅঃ ও থানা– বাঁকুড়া, জেলা– বাঁকুড়া–৭২২১০১ **মিসেস রূপা পান,** স্বামী– মিঃ পিন্টু কুমার পান, অভিশ্বর্য অ্যাসোসিয়েটস আর সি ৩৯, উর্বশী, এডিডিএ, ফেজ ২, সিটি সেন্টার, দুর্গাপুর, পশ্চিমবঙ্গ–৭১৩২১৬ **মিঃ সঞ্জিত ব্যানার্জি,** কোয়ার্টার নং বি১, ৮৯/১, ভি কে নগর, দুর্গাপুর মিউনিসিপ্যাল কর্পোরেশন, পশ্চিম বর্ধমান–৭১৩২১০	নিম্নোক্ত ০.০৪ একর জমি ও বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জে এল নং ১০৩, প্লট নং ৫৬৬, খতিয়ান নং ৯৪৭/২, মৌজা– চন্দ্রকোনা, থানা– চন্দ্রকোনা, জেলা– পশ্চিম মেদিনীপুর, ২০১০ সালের রেজিস্টার্ড দলিল নং ০৫০৯২ অনুযায়ী সম্পত্তির স্বত্বধারক: মিঃ পিন্টু কুমার পান, পিতা– আনন্দ মোহন পান। **চৌহদ্দি: উত্তর**– শ্রী তপন জানা ও অন্যদের জমি ও বাড়ি; **দক্ষিণ**– শ্রী জিতেন কারক ও অন্যদের জমি ও বাড়ি; **পূর্ব**– অন্যদের ফাঁকা জমি; **পশ্চিম**– পুরসভার ১২ ফুট চওড়া রাস্তা। [সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]	ক) ১৭.০১.২০২২ খ) ₹২৯,৪৪,৪৮৮.১০ (৩১.০৮.২০২১ অনুযায়ী, তৎসহ ৩১.০৮.২০২১ থেকে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে চুক্তিমাফিক হারে পরবর্তীতে উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ) গ) ১১.০৫.২০২২ ঘ) প্রতীকী দখল	ক) ₹৪১.১৮ লক্ষ খ) ₹৪.১২ লক্ষ গ) ₹০.১০ লক্ষ

ই–নিলাম বিক্রির শর্ত ও নিয়মাবলি:
এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষ হবে:
১. সম্পত্তিগুলি **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।
২. ওপরের তফসিলে সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।
৩. এই বিক্রি ওপরে লেখা তারিখ ও সময়ে **https://baanknet.com** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা পরিচালিত হবে।
৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://baanknet.com এবং www.pnbindia.in** ওয়েবসাইটগুলি দেখুন।
তারিখ: ৩০.০৯.২০২৬
স্থান: পুরুলিয়া
অনুমোদিত আধিকারিক
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতা

সারফায়েসি অ্যাক্ট–এর রুল ৮(৬) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি